



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/১০(০২)

তারিখ: ১৩ মার্চ, ২০২৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর রসায়ন বিভাগের জন্য টেকনোলজিস্ট এর ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ১৬০০০-৩৮৬৪০/= (গ্রেড-১০)

### যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীর কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ০৪ (চার) বছর মেয়াদী ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/বিভাগের সাথে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা থাকতে হবে।

শিক্ষাজীবনে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উক্ত পদের জন্য ৫০০(পাঁচশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ০৩ এপ্রিল, ২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

মো. ফজলুর রহমান  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)